

ঢাকা ওয়াসা

বিষয়ঃ রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্ছিন্নতা এবং পানির বকেয়া বিল আদায়ের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার খরচ মিটানোর জন্য অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

১। নথির পত্রাংশ ক্রমিক নং ১ ও ২ দেখা যেতে পারে। রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্ছিন্নতা এবং পানির বকেয়া বিল আদায়ের লক্ষ্যে আগামী ৪ ও ৬ আগস্ট-২০২৬ এবং ১৯ ও ২০ আগস্ট-২০২৬ ইং তারিখ মোট ৪ (চার) দিন ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত-২ এর স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫ তাং- ২৭.০৭.২০২৬ ইং এবং আদালত-১ এর স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৬/৩৬ তাং- ২২.০৭.২০২৬ ইং এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। উক্ত চার দিন ভ্রাম্যমান আদালত চলাকালে রাজস্ব জোন-৯ এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মচারীসহ পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজে উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণ সহ এবং পুলিশ ফোর্সের আপ্যায়ন এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা ইত্যাদি খরচ বাবদ ৪ (চার) দিনে (৪ x ১৮,০০০) = ৭২,০০০/- (বাহাতের হাজার) টাকা আর্থিক বরাদ্দের প্রয়োজন। সম্ভাব্য খরচের ব্রেক-আপ নিম্নরূপঃ-

ক) পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ-বাবদ	৩,০০০/- x ৪ দিন = ১২,০০০/-
খ) সংযোগ বিচ্ছিন্নিকারী কর্মকর্তা/কর্মচারীদের দুপুরের খাবার, বিকালের নাস্তা, যাতায়াত এবং অন্যান্য খরচ বাবদ	৭০০০/- x ৪ দিন = ২৮,০০০/-
গ) বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা বাবদ	৫০০০/- x ৪ দিন = ২০,০০০/-
ঘ) শ্রমিক ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ	৩০০০/- x ৪ দিন = ১২,০০০/-
	মোট = ৭২,০০০/-

২। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্ণিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে উল্লেখিত সর্বমোট = ৭২,০০০/- (বাহাতের হাজার) টাকা 'স্পেশাল ড্রাইভ' খাত হতে পি.পি.আর ২০২৫ এর ১০০ ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৯ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হলো। উল্লেখিত টাকা খরচের তাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

মোঃ জিয়াউল্লাহ কবির
সহকারী রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-০৯,
ঢাকা ওয়াসা।

মোঃ সেকান্দার আলী
রাজস্ব কর্মকর্তা (৪ঃ দাঃ)
রাজস্ব জোন-০৯
ঢাকা ওয়াসা।

তানবীর আহমেদ সিদ্দিকী
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৯
ঢাকা ওয়াসা।

মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

এস.এম. মোস্তফা কামাল মন্ডল
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

DMD(F)
মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (অঃ)
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ আমিনুল ইসলাম
সাবেক সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

বোর্ড বিষয়ক বিভাগ

ওয়াসা ভবন

৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

website: www.dwasa.org.bd

স্মারক নং- ৪৬.১১৩.২১৮.০০.০০.০০১.২০২৫- ২০৩

তারিখ : ১৮ জুন ২০২৬

উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)

ঢাকা ওয়াসা।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক ভ্রাম্যমান আদালত পরিচালনার বরাদ্দ বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ১৪ মে, ২০২৬ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা কর্মসম্পাদন সহায়তা কমিটির ২১-তম সভার আলোচ্যসূচী-৫ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :-

সিদ্ধান্ত-৫ঃ ঢাকা ওয়াসার ভ্রাম্যমান আদালত পরিচালনায় প্রতিদিনের বরাদ্দ নিম্নোক্তরূপভাবে পুনর্নির্ধারণ করা হলোঃ

১.	পুলিশ ফোর্স এর যাতায়াত, দুপুরের খাবার, বিকালের নাস্তা ও অন্যান্য খরচ-বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
২.	সংযোগ বিচ্ছাদিকারী কর্মকর্তা/কর্মচারীদের দুপুরের খাবার, বিকালের নাস্তা, যাতায়াত এবং অন্যান্য বাবদ ও অন্যান্য খরচ বাবদ (প্রতিদিন)	৭,০০০/-
৩.	বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা, (প্রতিদিন)	৫,০০০/-
৪.	শ্রমিক ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ (প্রতিদিন)	৩,০০০/-
	সর্বমোট=	১৮,০০০/-

কার্যক্রম গ্রহণ/বাস্তবায়নেঃ উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা।

ইহা আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

এস এম জাহাঙ্গীর হোসেন

সচিব, ঢাকা ওয়াসা

ও সদস্য-সচিব, কর্মসম্পাদন সহায়তা কমিটি।

ফোনঃ + ৮৮০২-৫৫০১২৪০৯

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)ঃ

১। আহ্বায়ক, কর্মসম্পাদন সহায়তা কমিটি, ঢাকা ওয়াসা।

২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

৩। অফিস কপি।